

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
সাপাহার, নওগাঁ।

নম্বর- ০৫.৪৩.৬৪৮৬.০০০.০৬.০০২.২১-

তারিখঃ ০৫/০৮/২০২১খ্রিঃ


**“পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি”**

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা, ২০২১ অনুযায়ী নওগাঁ জেলার সাপাহার উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানি (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	খাদিম	০১ (এক)	৭,৫০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/খাদিম হিসেবে ০১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

**শর্তাবলি :**

- ১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
  - ২। আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্মতারিখ (ছ) জাতীয়তা (জ) শিক্ষাগত যোগ্যতা এবং (ঝ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদন করতে হবে।
  - ৩। আবেদনপত্রে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:  
ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।  
খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা তিন কপি রসিদ পাসপোর্ট সাইজের ছবি।  
গ) স্থানীয় নির্বাচিত জনপ্রতিনিধি কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি।  
ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।  
ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।  
চ) আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, সাপাহার, নওগাঁ বরাবর আগামী ১৮/০৮/২০২১ খ্রিষ্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম সুস্পষ্টরূপে লিখতে হবে।
  - ৪। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
  - ৫। কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
  - ৬। যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে পরিগণিত হবে।
  - ৭। এই নিয়োগ সম্পূর্ণরূপে অস্থায়ী। এ ক্ষেত্রে বর্ণিত নীতিমালার ৫ এর বিধানসমূহ প্রযোজ্য হবে।
  - ৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- বি.দ্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৫/৮/২০২১খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২৬৮নং স্মারকে করোনামা ভাইরাসজনিত রোগ এর বিস্তার রোধকল্পে স্বাভাবিক চলাচলে বিধিনিষেধের সময়সীমা ০৫/৮/২১ হতে ১০/৮/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত বর্ধিত করায় এ কার্যালয়ের গত ১৯/৭/২০২১খ্রিঃ তারিখের ০৫.৪৩.৬৪৮৬.০০০.০৬.০০২.২১-৬৮৮নং স্মারকে প্রকাশিত “পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তিতে” উল্লিখিত খাদিম পদে আবেদনের সময়সীমা ১০/৮/২১ হতে বাড়িয়ে আগামী ১৮/৮/২০২১খ্রিঃ তারিখ করা হলো।

  
(মোঃ আব্দুলহা আল মামুন)

উপজেলা নির্বাহী অফিসার  
সাপাহার, নওগাঁ

ও

সভাপতি

সাপাহার উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে  
জনবল নিয়োগ কমিটি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতাক্রমানুসারে নয়):

- ১। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, নওগাঁ।
- ৪। উপ সচিব(উন্নয়ন), পরিকল্পনা-২ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাপাহার, নওগাঁ।
- ৬। উপ পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, নওগাঁ।
- ৭। উপজেলা.....অফিসার, সাপাহার, নওগাঁ।
- ৮। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সাপাহার-তাকে বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ..... পত্রিকা-তাকে উপরোক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি সীমিত পরিসরে আগামী .....খ্রিঃ বা তার পূর্বে ১(এক) দিন পত্রিকায় প্রকাশ করে পত্রিকার কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। নোটিশ বোর্ড অত্রাফিস।